গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

ডকেট নম্বর ৮৯৭
তারিখ ২৪/৩/১৪
২৮ ফাল্গুন ১৪২০
তারিখঃ
১২ মার্চ ২০১৪

নম্বর: ৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৭.২০১২- ১১৯

## প্রজ্ঞাপন

উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের গত ১৩/০৪/২০১০ তারিখের প্রাগম/বিদ্যা-২/১৬ (ম্যানেজিং কমিটি)-১/০৯-১৮৭ নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করে নিম্নবর্ণিতভাবে উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি গঠন ও এর পরিচালনা সংক্রান্ত নীতিমালা জারি করা হলোঃ

১। কমিটির গঠন:

| | | | |
|---|---|---|---|
| ১.১ | এলাকার মাননীয় সংসদ সদস্য | - | উপদেষ্টা |
| ১.২ | উপজেলা পরিষদ চেয়ারম্যান | - | চেয়ারম্যান |
| ১.৩ | উপজেলা নির্বাহী অফিসার | - | নির্বাহী ভাইস চেয়ারম্যান |
| ১.৪-১.৫ | উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান, দুই জন (বয়ঃজ্যেষ্ঠতার ভিত্তিতে তাদের ক্রম নির্ধারিত হবে) | - | ভাইস-চেয়ারম্যান |
| ১.৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | সদস্য |
| ১.৭ | উপজেলা প্রকৌশলী | - | সদস্য |
| ১.৮ | পৌরসভার মেয়র (উপজেলার মধ্যে কোন পৌরসভা থাকলে তার মেয়র পদাধিকার বলে এ কমিটির সদস্য হবেন) | - | সদস্য |
| ১.৯ | একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ১.১০ | উপজেলার অন্তর্ভুক্ত মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ১.১১ | উপজেলা নিবাসী একজন বিশিষ্ট শিক্ষানুরাগী (মহিলা) (মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ১.১২ | উপজেলা নিবাসী একজন বিশিষ্ট শিক্ষানুরাগী (পুরুষ) (মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ১.১৩ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির একজন সভাপতি (জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে আলোচনাক্রমে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ১.১৪ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা (জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে আলোচনাক্রমে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ১.১৫ | উপজেলা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টর | | সদস্য |
| ১.১৬ | উপজেলা শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

২। উক্ত কমিটিতে সংশ্লিষ্ট উপজেলার মাননীয় সংসদ সদস্য উপদেষ্টা হিসেবে থাকবেন। যদি কোন উপজেলা ২টি নির্বাচনী এলাকার অন্তর্ভুক্ত হয়, তাহলে দু'জন সংসদ সদস্যই উপদেষ্টা হিসেবে থাকবেন। সেক্ষেত্রে, দু'জন উপদেষ্টা একমত হয়ে প্রয়োজনীয় মনোনয়ন প্রদান করবেন।

৩। কমিটির চেয়ারম্যানের অনুপস্থিতিতে চেয়ারম্যানের সকল দায়িত্ব নির্বাহী ভাইস চেয়ারম্যান পালন করবেন।

৪। উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যানগণ পদাধিকারে এ কমিটির ভাইস-চেয়ারম্যান হবেন। বয়ঃজ্যেষ্ঠতার ভিত্তিতে তাদের ক্রম নির্ধারিত হবে।

৫। মনোনীত ব্যক্তিদের নাম জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে। সকল মনোনয়ন সম্পন্ন হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করবেন।

৬। উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হবেঃ

(ক) উপজেলার প্রাথমিক শিক্ষার সার্বিক অবস্থা ও অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

(খ) উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা, শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি ও শিক্ষকদের সঠিকভাবে দায়িত্বপালনের বিষয়টি তত্ত্বাবধান;

(গ) সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক প্রাথমিক বিদ্যালয়সমূহ নিয়মিতভাবে পরিদর্শিত হচ্ছে কিনা, তা পরিবীক্ষণ;

(ঘ) উপজেলা এলাকার প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র/ছাত্রীর ভর্তির হার বৃদ্ধি, ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের বিদ্যালয় হতে ঝরে পড়া রোধ, ৬-১০ বছর বয়সী সকল শিশুর প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, শিশু জারিপের সঠিকতা যাচাই ইত্যাদি বিষয় পর্যালোচনা এবং এগুলো সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(ঙ) উপজেলার বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশনের ক্ষেত্রে প্রচলিত নিয়মানুযায়ী সুপারিশ প্রদান;

(চ) প্রচলিত নীতিমালার আলোকে বিদ্যালয় এমপিওভুক্তি এবং শূন্যপদে শিক্ষক নিয়োগের বিষয়াদি যাচাই করে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(ছ) উপজেলার প্রাথমিক বিদ্যালয়সমূহের উন্নয়নকল্পে বিদ্যালয় পুনঃনির্মাণ ও মেরামতের জন্য অগ্রাধিকার তালিকা প্রণয়ন;

(জ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

৭। উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির যে কোন সভায় কমপক্ষে ৯ (নয়) জন সদস্য উপস্থিত থাকলে উক্ত সভার কোরাম পূর্ণ হয়েছে মর্মে বিবেচিত হবে।

৮। কমিটি গঠন হওয়ার তারিখ থেকে এর মেয়াদ ৩ বৎসর পর্যন্ত বহাল থাকবে। কমিটির মেয়াদ শেষ হওয়ার ৬ মাস পূর্বে পরবর্তী কমিটি গঠনের বিষয়টি উপজেলা শিক্ষা অফিসার এলাকার মাননীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের গোচরে আনবেন।

৯। উপজেলা শিক্ষা কমিটির চেয়ারম্যান কোন কারণে পর পর দুই মাস উপজেলা শিক্ষা কমিটির নির্ধারিত নিয়মিত সভা আহ্বান করতে অপারগ হলে বা আহ্বান না করলে সেক্ষেত্রে উপজেলা শিক্ষা কমিটির নির্বাহী ভাইস চেয়ারম্যান কমিটির সভা আহ্বান করবেন ও তাঁর সভাপতিত্বে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। এ প্রজ্ঞাপন পার্বত্য জেলাসমূহ অর্থাৎ রাঙ্গামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান জেলাসমূহের জন্য প্রযোজ্য হবে না। তবে, পার্বত্য জেলা পরিষদসমূহ এ নীতিমালার আলোকে সংশ্লিষ্ট জেলার জন্য নিজস্ব নীতিমালা প্রণয়ন করতে পারবে।

১১। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২২।৩।১৪

(জাজরীন নাহার)
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)
ফোনঃ ৯৫৭৭২৫৫

উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
(তাঁকে প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে মুদ্রণের জন্য অনুরোধ করা হলো)।

নম্বর: ৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৭.২০১২- ১১৩

২৮ ফাল্গুন ১৪২০

তারিখ:

১২ মার্চ ২০১৪

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৬। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৭। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৮। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি পার্বত্য জেলা।
৯। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাংগামাটি পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
১১। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
১৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪। পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/মনিটরিং ও মূল্যায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি ও অপারেশন/অর্থ ও সংগ্রহ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা।
১৫। জেলা প্রশাসক, ........................................ (সকল)
১৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ....................................................(সকল)
১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮। উপজেলা নির্বাহী অফিসার,.......................................................... (সকল)
১৯। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
২০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, .................................................................,
২১। অফিস কপি

১২/৩/১৪

(জাজরীন নাহার)
সিনিয়র সহকারী সচিব (বিদ্যা-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং: প্রাশিঅ/৫পি/১৩ বিদ্যা-ঢাকা/২০০৮/ ৯০৫/৮০

তারিখ: ১৭ চৈত্র ১৪২০ / ৩১ মার্চ ২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। পরিচালক ..............................................(সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ...................................... (সকল)-বিষয়টি তার অধিনস্থ সকল উপজেলা শিক্ষা অফিসারদের অবগত করানোর জন্য অনুরোধ করা হলো।
৪। সংরক্ষণ নথি।

৩১.০৩.২০১৪

দেবেশ চন্দ্র সরকার
সহকারী পরিচালক (বিদ্যালয়)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ৯০০০২৩১

E:\My Documents on MIS_EX (606sch)\Letter-2008\035.00.00.007.2012.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
লক্ষ্মীপুর।
dpeoloxmi@gmail.com

স্মারক নম্বর: ডিপিইও/লক্ষ্মী/ ৭৪৩(৫) তারিখ: ০২/০৪/২০১৪ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

01. উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা: লক্ষ্মীপুর সদর/রামগঞ্জ/রামগতি/রায়পুর/কমলনগর, অত্রজেলা। মূলপত্রের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

02. অফিস কপি।

২/৪/১৪
(মো: নূরুল ইসলাম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
লক্ষ্মীপুর।
ফোন: ০৩৮১-৬২৩৪৬, ফ্যাক্স: ৬১৩৭৩।

২/৪/১৪